



পঞ্চায়েত ব্যবস্থা দেখতে কৃষ্ণনগরে এল বাংলাদেশের প্রতিনিধি দল। নিজস্ব চিত্র

পশ্চিমবঙ্গের পঞ্চায়েত ব্যবস্থা জন-উন্নয়নমুখী

বাংলাদেশের প্রতিনিধিরা বিএনএ, কৃষ্ণনগর: পশ্চিমবঙ্গের পঞ্চায়েত ব্যবস্থা জন ও উন্নয়নমুখী। বৃহস্পতিবার নদীয়া জেলার পঞ্চায়েত ব্যবস্থা সরেজমিনে পরিদর্শনের পর এমনিই মন্তব্য করলেন বাংলাদেশের প্রতিনিধিরা। আজ, শুক্রবার তাঁরা কলকাতায় পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের আধিকারিকদের সঙ্গে বৈঠক করবেন। বুধবার বাংলাদেশ সরকারের ১৮ জনের একটি প্রতিনিধি দল কলকাতায় পৌঁছেছেন। প্রতিনিধি দলে বাংলাদেশ সরকারের লোকাল গভর্নমেন্ট ডিভিশনের জয়েন্ট সেক্রেটারি মহম্মদ রেজাউল করিম সহ ১৮ জন সরকারি আধিকারিক, জন প্রতিনিধি, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সচিবরা রয়েছেন। বৃহস্পতিবার ওই প্রতিনিধি দল নদীয়া জেলার হরিণঘাটা ব্লকের নগরউখড়া-১ গ্রাম পঞ্চায়েত এলাকার একাধিক প্রকল্প খতিয়ে দেখেন। সেখান থেকে তাঁরা হরিণঘাটা পঞ্চায়েত সমিতিতে যান। আধিকারিক ও জন প্রতিনিধিদের সঙ্গে কথা বলেন তাঁরা। জেলা পরিষদ সভাকক্ষের বৈঠকে জেলার ত্রিস্তর পঞ্চায়েত ব্যবস্থার কর্মকাণ্ড প্রতিনিধি দলের সামনে তুলে ধরেন জেলা আধিকারিকরা। নদী ভাঙন রোধে নদীয়া জেলা প্রশাসনের সবুজায়ন তথা ভেটিভার প্রকল্পের কথা তাঁদের জানানো হয়। প্রশাসনিক সূত্রের স্বর, ভেটিভার প্রকল্প নিয়ে বাংলাদেশের প্রতিনিধি দল আগ্রহ প্রকাশ করেছেন। বাংলাদেশেও নদী ভাঙন রোধে ওই প্রকল্প গ্রহণ করবেন বলে তাঁরা জানিয়েছেন। এদিন সন্ধ্যায় প্রতিনিধি দল কলকাতার উদ্দেশে রওনা দেয়। আজ, শুক্রবার রাজ্য পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের আধিকারিকদের সঙ্গে তাঁরা উচ্চ পর্যায়ের বৈঠক করবেন। পঞ্চায়েত মন্ত্রী সূত্রত মুখোপাধ্যায় ও ওই বৈঠকে উপস্থিত থাকতে পারেন। কলকাতা থেকে প্রতিনিধি দল দিল্লির উদ্দেশে রওনা দেবেন। সেখানে কেন্দ্রীয় সরকারের আধিকারিকদের সঙ্গেও তাঁরা বৈঠক করবেন। সেখান থেকে প্রতিনিধি দল মালয়েশিয়া যাবেন। নদীয়ার অতিরিক্ত জেলাশাসক (জেলা পরিষদ) শেখর সেন বলেন, বাংলাদেশের প্রতিনিধিরা এখানকার পঞ্চায়েত ব্যবস্থা ঘুরে দেখলেন। তাঁদের সঙ্গে বৈঠকে আমাদের পঞ্চায়েতের প্রকল্পগুলি তুলে ধরা হয়েছে। বাংলাদেশের প্রতিনিধি দলের পক্ষে প্রশাসনিক আধিকারিক মহম্মদ ইয়াহিয়া মিঞা বলেন, এদেশের পঞ্চায়েত ব্যবস্থা দেখতে এসেছিলাম। নদীয়ার নগরউখড়া-১ গ্রাম পঞ্চায়েত আমরা ঘুরে দেখলাম। এখানকার পঞ্চায়েত ব্যবস্থা জন ও উন্নয়নমুখী। এখানকার ভালো দিকগুলি, আমরা আমাদের দেশে প্রয়োগ করব।

Bartaman, 06.01.17, Burdwan



বর্তমান ৬২ জানুয়ারি ২০১৭

নবদ্বীপ ও মায়াপুরে
টুরিজম সার্কিটের
ঘোষণা মন্ত্রীর

বিএনএ, কৃষ্ণনগর: নবদ্বীপ ও মায়াপুরকে ঘিরে টুরিজম সার্কিট তৈরির কথা ঘোষণা কবলেন রাজ্যের পর্যটন মন্ত্রী গৌতম দেব। বুধবার রাতেই নবদ্বীপে পৌঁছন পর্যটন মন্ত্রী। এদিন সকাল ৯টা নাগাদ তিনি গোড়ামা তলা ও প্রাচীন মায়াপুর পরিদর্শনে যান। প্রাচীন মায়াপুরে একটি অনুষ্ঠানে মন্ত্রীকে সংবর্ধনা জানানো হয়। উপস্থিত ছিলেন নবদ্বীপের বিধায়ক পুণ্ডরীকাক্ষ সাহা, পুরসভার চেয়ারম্যান বিমানকৃষ্ণ সাহা।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী বলেন, নবদ্বীপ ও মায়াপুরে সারা বছরই পর্যটকদের আনাগোনা রয়েছে। তাই পর্যটনের উন্নয়নে নবদ্বীপ ও মায়াপুর টুরিজম সার্কিট গড়ে তোলা হবে। পুরসভার চেয়ারম্যান ও বিধায়ককে বলছি, প্রস্তাব পাঠান।

ইলাহ

We

গত

জো

বিও

পঃ

১,০

ভক্তি

স্থান

আবাস

বিবেক

অঙ্কন

বি

স

বি

স

বি

স

২০১৭

বর্তমান ৫২ জুলাই ২০১৭

